

## এসএসসিতে ধর্ম দাখিলে ফিকহর পরীক্ষা আজ

### যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানে আজ গত ১২ ফেব্রুয়ারির পরীক্ষা নেয়া হচ্ছে। এসএসসিতে ধর্ম, দাখিলে ফিকহ ও উসুলুদ ফিকহ এবং কারিগরিতে পদার্থ বিজ্ঞানের পরীক্ষা রয়েছে।

বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের হরতালের কারণে এ পরীক্ষা স্থগিত করা হয়েছিল। আশামীকালও এই পরীক্ষা রয়েছে। পরিবর্তিত দুটি অনুযায়ী কাল এসএসসিতে নতুন সিলেবাসে বাংলাদেশ ও ৩ বর্ষ পরিচয়, পুরাতন সিলেবাসে সামাজিক বিজ্ঞান, দাখিলে সামাজিক বিজ্ঞান, তাজবীদ নদর ও নযম (মুজাব্বিদ গ্রুপ), তাজবীদ (হিফতুল কুরআন গ্রুপ) এবং এসএসসি ভোকেশনালে উচ্চতর পণিত-২, হিসাববিজ্ঞান-২, ভূগোল ও পরিবেশ-২, কৃষি শিক্ষা-২ বিষয়ের পরীক্ষা রয়েছে। এই পরীক্ষাটি গত ১ মার্চ নেয়ার কথা ছিল।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, পরিবর্তিত তারিখের এই পরীক্ষা সরেজমিন পরিদর্শন করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

হরতালের কারণে এখন পর্যন্ত এসএসসি ও সমমানের আরও ৫টি পরীক্ষা আগের যেমিত সময়ে নেয়া যায়নি। এর মধ্যে ৩টিই স্থগিত রয়েছে। বাকি দুটির নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। ৩ মার্চের পরীক্ষাগুলো নেয়া হবে ২০ মার্চ সকাল ৯টায়। আর ৪ মার্চের ৪ মার্চের পরীক্ষা নেয়া হবে ২১ মার্চ সকাল ১০টায়। এছাড়া ৮, ১০ ও ১১ মার্চের পরীক্ষা স্থগিত করা হলেও এই তিনদিনের পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়নি।